গাংনীর হাড়াভাঙ্গাতে গৃহবধুর আত্মহত্যা

প্রবাসে জেল খেটে বাড়ি ফিরে দ্বিতীয় স্ত্রীর কাছে যাওয়ায় প্রথম স্ত্রী রোকেয়া খাতুন বীষপান করে আত্মহত্যা করেছে।

রোকেয়া খাতুন গাংনী উপজলার হাড়াভাঙ্গা গ্রামের মাসুদ রানার স্ত্রী।সে দুই সন্তানের জননী। বুধবার বিকালের দিকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে মারা যান তিনি।

কাজীপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মু. আলম হুসাইন এ তথ্য নিশ্চিত করেছেন।

স্থানীয়রা জানান, মাসুদ রানা ৪ বছর আগে সৌদী আরবে যান। বৈধ কাগজপত্র না থাকায় সে দেশের পুলিশের হাতে ধরা পড়ে দীর্ঘদিন যাবৎ জেল খাটেন। সে বাংলাদেশে এসে দ্বিতীয় স্ত্রী নারগীছ খাতুনের বাড়িতে ওঠেন। এতে অভিমানে প্রথম স্ত্রী রোকেয়া খাতুন নিজ বাড়িতে বীষপান করেন।

বাড়ির লোকজন বিষয়টি জানতে পেরে তাকে উদ্ধার করে প্রথমে একটি বেসরকারী ক্লিনিতে নেন। পরে সেখানে তার অবস্থার অবনতি হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় বিকালের দিকে মারা যান তিনি। স্থানীয়রা জানান, বিদেশ যাওয়ার আগে মাসুদ রানা নারগীছ খাতুনের সাথে পরোকীয়া করে দ্বিতীয় বিয়ে করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, খবর পেয়ে পুলিশের একটি টীম ঘটনাস্থলে পৌছেছে। মরদেহ উদ্ধারের প্রক্রিয়া চলছে।

ঝিনাইদহে নিরাপদ খাদ্য দিবস পালিত

ঝিনাইদহে জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১১টায় কোভিড ১৯ এর স্বাস্থ্য বিধি মেনে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক মনিরা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ -১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই।

এসময় আরও উপস্থিত ছিলেন এডিসি জেনারেল সেলিম রেজা পিএএ, জেলা পরিষদের সচিব রেজাই রাফিন সরকার, সিভিল সার্জন শুভ্রা রানী দেবনাথ, জেলা তথ্য অফিসার আবুবকর সিদ্দিক প্রমুখ।

এছাড়াও ঝিনাইদহ জেলা প্রশাসনের উর্দ্ধতন কর্মকর্তা, ব্যবসায়ী নেতৃবৃন্দ ও সুশীল সমাজের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় চুরির অপরাধে যুবককে মধ্যযুগীয় কায়দায় নির্যাতন- অভিযুক্ত আটক

আলমডাঙ্গা পৌর শহরে নুডুলস ও নারিকেল তেল চুরির অপরাধে দোকানের খুঁটিতে বেধে প্রকাশ্যে মধ্যযুগীয় কায়দায় সাদ্দাম হোসেন (২২) নামে এক যুবককে নির্যাতনের ঘটনা ঘটেছে।

মঙ্গলবার দুপুরে আলমডাঙ্গা পৌর এলাকার হাফিজ মোড়ে এঘটনা ঘটে। স্থানীয়রা পুলিশকে জানালে আলমডাঙ্গা থানা পুলিশ ঘটনাস্থলে পৌছে সাদ্দামকে উদ্ধার করে থানা হেফাজতে নেয়। সাদ্দাম হোসেন আলমডাঙ্গা পৌর এলাকার থানাপাড়ার আকমল হোসেনের ছেলে।

এ ঘটনায় রাতেই অভিযুক্ত ডিলার ব্যবসায়ী আমানুল্লাহকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করেছে পুলিশ ।

জানাগেছে, আলমডাঙ্গা পৌর এলাকার হাফিজ মোড়ে শেখ ট্রেডার্সের মালিক ব্যাবসায়ী শেখ আমানুল্লাহ বিভিন্ন পন্যের ডিলার শিফ নিয়ে ব্যবসা পরিচালনা করছে। মঙ্গলবার দুপুরে একটি গাড়িতে অর্ডারের পন্য আনলোড করছিল। এসময় সাদ্দাম হোসেন ওই গাড়ি থেকে নুডুলস ও কিছু মালামাল নিয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করে । পরে স্থানীয়রা তাকে ধাওয়া করে ধরে আমানুল্লাহ’ন নিকট হস্থান্তর করে।

পরে আমানুল্লাহ প্রকাশ্যে তার নিজ দোকানের খুটিতে সাদ্দামের দুই হাত বেধে একটি পাইপ দিয়ে মধ্যযুগীয় নির্যাতন করে। তার সামনে ২০ থেকে ৩০ জন লোক দাড়িয়ে তা দেখতে থাকে। তবে কেউ তাকে সাহায্য করতে এগিয়ে আসেনি। এ নির্যাতনের ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে ক্ষোভ প্রকাশ করেন অনেকে। মধ্যযুগীয় এই বর্বরোচিত ঘটনায় এলাকাবাসী হতবাক।

ব্যবসায়ী শেখ আমানুল্লাহ বলেন, বিভিন্ন সময়ে আমার প্রতিষ্ঠানের চুরির ঘটনা ঘটতো। এতে আমি অতিষ্ট ছিলাম। কিছুতেই চোর ধরতে পারতাম না। আজ কিছু নারিকেল তেল ও নুডুসল এর প্যাকেট চুরির সময় হাতেহাতে ধরে স্থানীয়রা আমার নিকট নিয়ে আসে। তবে তাকে দোকানের খুটিতে বেধে মারধর করা আমার অন্যায় হয়েছে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, পুলিশ খবর পেয়ে সাদ্দামকে উদ্ধার করে থানায় নিয়ে আসে। নির্যানতের বিষয়টি পুলিশের জানা ছিলনা। পরে সংবাদকর্মীদের মাধ্যমে নির্যাতনের ভিডিও দেখেছি। এভাবে আইন হাতে কেউ তুলে নিতে পারেন না। চুরির ঘটনায় এখনো কেউ অভিযোগ দেয়নি থানায়। নির্যাতনের ঘটনায় সাদ্দাম বা তার পরিবার অভিযোগ করলে আমরা আইনগত ব্যবস্থা গ্রহন করবো।

তিনি আরও বলেন, তার বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় একটি চুরি ও একটি ছিনতাই মামলা চলমান। এছাড়াও একবার পুলিশের হাতে আটক হয়েছিল।

মেহেরপুর সদর উপজেলা শ্রমিক লীগের আহবায়ক কমিটি গঠন

জাতীয় শ্রমিক লীগ মেহেরপুর সদর উপজেলা শাখার আহবায়ক কমিটি গঠন করা হয়েছে। সাইদুর রহমান সাঈদ কে আহ্বায়ক, এমদাদুল হক স্বপন, আক্তারুজ্জামান চঞ্চল, নাজমুল হাসান বাবু, ও আলী কদর কে যুগ্ম আহ্বায়ক এবং মাসুনুজ্জামান মাসুদ কে সদস্য সচিব করে ২১ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটি গঠন করা হয়।

মঙ্গলবার রাতে দিকে হাসপাতাল সড়কে জেলা শ্রমিক লীগের অফিস কার্যালয়ে জেলা শ্রমিক লীগের আহ্বায়ক ইকবাল কবীর রনজু ও সদস্য সচিব রাশেদুজ্জামান রাশেদ লতিফ যৌথ সাক্ষরে এই কমিটির অনুমোদন দেন।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন, আব্দুল খালেক, আব্দুর রাজ্জাক, মহিদুল ইসলাম মহিদ, খোদা বক্স, সিয়াম আলী, সাহাবুল ইসলাম, মিয়ারুল ইসলাম, কামরুল ইসলাম, রশিদুল ইসলাম, মিয়ারুল ইসলাম, মুকুল, হাসান, রাসেল, মাহমুদা আকতার সুমী, আইজুদ্দিন।

জাতীয় শ্রমিক লীগের গঠনতন্ত্র মোতাবেক তৃণমূলের সংগঠনকে সুসংগঠিত করার লক্ষে পূর্বের কমিটি বিলুপ্ত করে আগামী ৩ মাসের জন্য এই আহবায়ক কমিটি অনুমোদন দেওয়া হয়েছে।

কোটচাঁদপুরে প্রবীণ শিক্ষক তকলিমুর রহমান মালেকের ইন্তেকাল

ঝিনাইদহের কোটচাঁদপুরে সকলের প্রিয় স্যার পাঁচলিয়া মাধ্যমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক তকলিমুর রহমান মালেক ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহি…..রজিউন)।

সোমবার বিকালে যশোর সদর হাসপাতালে নেওয়ার পথে তিনি ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭০ বছর। তিনি দীর্ঘদিন যাবত ব্রেইন স্ট্রোক করে নানা জটিলতায় ভুগছিলেন।

বিশিষ্ট সমাজ কর্মী ও শিক্ষানুরাগী তকলিমুর রহমান মালেকের মৃত্যুতে শিক্ষক-শিক্ষার্থীসহ সূধি সমাজে শোকের ছায়া নেমে এসেছে। মরহুমের জানাযার নামাজ মঙ্গলাবার সকাল সাড়ে ১০ টায় তার প্রিয় কর্মস্থল পাঁচলিয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়।

পরে পারিবারিক কবরস্থানে প্রবীন এই শিক্ষকের দাফন সম্পন্ন হয়। মরহুমের কর্মজীবনে কোটচাঁদপুর উপজেলার পাঁচলিয়া মাধ্যমিক বিদ্যালয়ে ৪৪ বছর যাবৎ সৎ,নিষ্ঠা ও সম্মানের সঙ্গে প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করেছেন।

অত্র বিদ্যালয় প্রতিষ্ঠায়ও প্রিয় এই শিক্ষকের অগ্রণী ভূমিকা ছিল। এছাড়াও কর্মজীবনে তিনি বাংলাদেশ কৃষি ব্যাংকে চাকুরী করেছেন। মরহুমের একমাত্র ছেলে হাসানুজ্জামান তুষার ঢাকার একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে সহঃ প্রফেসর হিসাবে কর্মরত আছেন।

এছাড়াও তিনি ৩ মেয়ে ও আত্মীয়স্বজন সহ অনেক গুনগ্রাহী রেখে গেছেন।

দর্শনায় সংবাদ প্রকাশের জেরে সাংবাদিককে প্রাণনাশের হুমকি

পত্রিকায় সংবাদ প্রকাশ হওয়ায় তেলে বেগুনে জ্বলে উঠেছে অভিযুক্ত বালু ও মাটি খেকো ছামাদুল।

প্রতিবেদককে মোবাইল ফোনে দিয়েছে হুমকি। সাংবাদিক হাসমতকে হুমকির প্রতিবাদে দর্শনা প্রেসক্লাবে জরুরীসভা অনুষ্ঠিত হয়েছে । হুমকিদাতা ছামাদুলের নামে থানায় করা হয়েছে জিডি। হুমকিদাতা ছামাদুল কার্পাসডাঙ্গা বাজার পাড়ার বাসিন্দা ও মহিউদ্দিনের ছেলে।

সোমবার (৩১ জানুয়রী) সন্ধায় দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল

হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত জরুরী বৈঠকে হুমকির তীব্র নিন্দা ও প্রতিবাদ সহ ছামাদুলকে গ্রেফতারের দাবী তুলে আলোচনা করেন দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও সাংবাদিক সমিতির বর্তমান সভাপতি মনিরুজ্জামান ধীরু, প্রেসক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সাধারন সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবিব মামুন, সাংবাদিক ইকরামুল হক পিপুল, নজরুল ইসলাম, মোস্তাফিজুর রহমান কচি, কামরুজ্জামান যুদ্ধ, হাসমত আলী।

দর্শনা প্রেসক্লাবের সাধারন সম্পাদক এস,এম ওসমানের উপস্থাপনায় উপস্থিত থেকে আরো আলোচনা করেন, আব্দুর রহমান, আব্দুল হান্নান, রিফাত রহমান, শ্রী সুকমল চন্দ্র বাঁধন, ইমতিয়াজ আহম্মেদ রয়েল, ওয়াসিম রয়েল, প্রমুখ।

উল্লেখ্য, গত রোববার স্থানীয় একটি দৈনিক পত্রিকায় প্রথম পৃষ্টায় দামুড়হুদার ধান্যঘরায় আবাদি জমিতে এস্কভেটর মেশিন দিয়ে পুকুর খনন প্রধান সড়ক হুমকির মুখে, খবর প্রকাশ হলে গত রোববার দুপুর ১ ট ২১ মিনিটে ফোনে ছামাদুল ও তার গাং সাংবাদিক হাসমতকে ০১৯১৭০৩০৯০৫ মোবাইল নং থেকে প্রাণনাশের হুমকি দেওয়া হয়।

ভালোবাসার বন্ধনের সাধারণ সম্পাদক সুমনের জন্মদিন পালন

“ভালোবাসার বন্ধন দর্শনা” সংগঠনের সাধারণ সম্পাদক মিয়া মোঃ নুরনবী সুমনের জন্মবার্ষিকী পালিত হয়েছে।

সোমবার রাত ১০টায় দর্শনা রেলবাজার রেলগেট সংলগ্ন দর্শনা হার্ডওয়ার ব্যবসা প্রতিষ্ঠানে কেক কেকে জন্মদিন উৎযাপন ও ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

জন্মবার্ষিকী উপলক্ষে দলিত পরিষদ চুয়াডাঙ্গা জেলা শাখা কমিটির পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা বিনিময় করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, দলিত পরিষদের শ্রী শোভন দাস, শ্রী বিপুল

কুমার দাস, মিঠু দাস, নিরঞ্জন দাস, শ্যামল দাস, স্বপন দাস। আরো উপস্থিত ছিলেন ভালোবাসার বন্ধনের, সাংগঠনিক সম্পাদক আয়নাল হক, দপ্তর সম্পাদক আসহাবুল আলম, শিক্ষা বিষয়ক সম্পাদক শোভন দাশ, সাংস্কৃতিক সম্পাদক সেখ সাজু, দুর্যোগ ব্যবস্থাপনা সম্পাদক মাসুম ইকবাল, সহ দর্শনা প্রেসক্লাবের সাবেক সাধারন সম্পাদক চঞ্চল মাহমুদ, প্রমুখ।

চুয়াডাঙ্গার ঝাঝরী আশ্রয়ণ প্রকল্পের কাজ পরিদর্শন করলেন জেলা প্রশাসক

চুয়াডাঙ্গা ঝাঝরি গ্রামের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশে ভূমিহীন ও গৃহহীন পরিবারের পুনঃবাসনের লক্ষে একক গৃহ নির্মান প্রকল্প কাজ শুরু হয়েছে।

সোমবার বিকালে ভূমিহীন ও গৃহহীন পরিবারের পুনঃবাসনের লক্ষে একক গৃহ নির্মান প্রকল্প কাজের মান এবং অগ্রগতি সন্মন্ধে খোঁজখবর নিতে সরেজমিনে পরিদর্শন করেছেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক আমিনুল ইসলাম।

বেগমপুরের ঝাঝরি গ্রামে ভুমিহীন ও গৃহহীন ২০টি পরিবারের বসবাসের জন্য নির্মিত হচ্ছে গৃহ। ঘরের পাশাপাশি থাকবে সুপেয় পানি ও নিরবচ্ছিন্ন বিদ্যুত ব্যবস্থা। এই প্রকল্প বাস্তবায়ন হলে অসহায় ভূমিহীন এবং গৃহহীন পরিবারগুলোর স্বপ্ন পূরণ হবে। পাবে মাথা গোজার ঠাই।

এসময় আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রসাক (রাজস্ব) শারমিন আক্তার, সদর উপজেলা নির্বাহী অফিসার শামিম ভুইয়া, সহকারী কমিশনার (ভূমি) মাঝারুল ইসলাম, বেগমপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলী হোসেন জোয়ার্দার সহ আরও অনেকে।

উল্লেখ্য, গত বছরের ২৭ নভেম্বর ভূমিহীন ও গৃহহীন পরিবারের

পুনঃবাসনের লক্ষে একক গৃহ নির্মান প্রকল্প কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার।

ঝিনাইদহে ইউপি চেয়ারম্যানকে সংবর্ধনা প্রদান

ঝিনাইদহ বিসিক শিল্প মালিক সমিতির পক্ষ থেকে পোড়াহাটি ইউনিয়নের পুনরায় নির্বাচিত চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরণকে সংবর্ধণা প্রদান করা হয়েছে।

সোমবার দুপুরে বিসিক প্রাঙ্গণে এ সংবর্ধণা প্রদাণ করা হয়। বিসিক শিল্প মালিক সমিতির সভাপতি আকরাম হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সংবর্ধিত অতিথি পোড়াহাটি ইউনিয়নের চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরণ।

বিশেষ অতিথি ছিলেন,বিসিক শিল্প নগরীর উপ-ব্যবস্থাপক সেলিনা রহমান,শিল্প নগরী কর্মকর্তা অর্ণব কুমার পোদ্দার,বিসিক শিল্প মালিক সমিতির সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াস,সহ-সভাপতি টিপু সুলতান,সহ-সম্পাদক মনিরুজ্জামান উজ্জল, সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান,কোষাধ্যক্ষ নাজমুল হাসান দুলাল।

অনুষ্ঠানে আলোচনা সভা শেষে অতিথিকে ক্রেস্ট ও ফুলের তোড়া সংবর্ধনা প্রদাণ করা হয়।

মেহেরপুর মেডিকেল এন্ড

সার্জিক্যাল সপের উদ্বোধন

মেহেরপুর শহরে মেহেরপুর মেডিসিন এন্ড সার্জিক্যাল নামের একটি নতুন দোকানের উদ্বোধন করা হয়েছে।

দোকানটির উদ্বোধন উপলক্ষে সোমবার বিকেলে সরকারি শিশু পরিবার সংলগ্ন মেহেরপুর মেডিসিন এন্ড সার্জিক্যাল সপ প্রাঙ্গণে দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন আমঝুপি আলেয়া মাদ্রাসার ভাইস প্রিন্সিপাল মাওঃ মোঃ শরিফুদ্দিন ও হাফেজ মোঃ বোরহান উদ্দিন। মেহেরপুর মেডিসিন এন্ড সার্জিক্যাল এর স্বত্বাধিকারী সাজ্জাদুল ইসলাম চঞ্চলসহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ দোয়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

দেশি-বিদেশী ঔষধ এবং সার্জিক্যাল সামগ্রী বিপননের লক্ষ্য নিয়ে মেহেরপুর মেডিসিন এন্ড সার্জিক্যাল সপের যাত্রা শুরু হলো।